ভেনেজুয়েলায় ভয়াবহ ভূমিকম্পে ১০ হাজার প্রাণহানির শঙ্কা



সংগৃহীত ছবি

ভেনেজুয়েলায় পরপর দুটি শক্তিশালী ভূমিকম্পে রাজধানী কারাকাসসহ বিভিন্ন এলাকায় ব্যাপক ক্ষয়ক্ষতির খবর পাওয়া গেছে। বহু ভবন ক্ষতিগ্রস্ত হয়েছে এবং প্রাণহানির সংখ্যা উল্লেখযোগ্য হতে পারে বলে আশঙ্কা করা হচ্ছে।

মার্কিন ভূতাত্ত্বিক জরিপ সংস্থা (ইউএসজিএস) জানিয়েছে, বুধবার (২৪ জুন) স্থানীয় সময় সন্ধ্যায় আঘাত হানা দুটি ভূমিকম্পের মাত্রা ছিল যথাক্রমে ৭ দশমিক ২ ও ৭ দশমিক ৫। কম্পনের কেন্দ্রস্থল ছিল কারাকাসের পশ্চিমে সান ফেলিপে অঞ্চলের কাছে।

ইউএসজিএসের প্রাথমিক মূল্যায়নে বলা হয়েছে, ভূমিকম্পে বড় ধরনের মানবিক বিপর্যয় ঘটার আশঙ্কা রয়েছে। হতাহতের সংখ্যা দশ হাজারে পৌঁছাতে পারে বলেও সংস্থাটি সতর্ক করেছে।

এদিকে, দেশটির কর্তৃপক্ষ এখনো নিহত বা আহতের নির্দিষ্ট সংখ্যা জানাতে পারেনি। তবে বিভিন্ন এলাকায় ভবন ক্ষতিগ্রস্ত হওয়া, উদ্ধার তৎপরতা শুরু হওয়া এবং আহতের সংখ্যা বাড়ার খবর পাওয়া যাচ্ছে।

ভেনেজুয়েলার স্বরাষ্ট্রমন্ত্রী দিওসদাদো কাবেয়ো নাগরিকদের সতর্ক থাকার আহ্বান জানিয়েছেন। নিরাপত্তার স্বার্থে কিছু এলাকায় গ্যাস সংযোগ বন্ধ রাখা হয়েছে বলেও জানান তিনি।

সরকারের পক্ষ থেকে ক্ষতিগ্রস্ত এলাকায় উদ্ধার ও ত্রাণ কার্যক্রম শুরু হয়েছে। একই সঙ্গে ক্ষয়ক্ষতি ও হতাহতের প্রকৃত তথ্য সংগ্রহের কাজ চলছে।

স্থানীয় গণমাধ্যম ও প্রত্যক্ষদর্শীদের তথ্য অনুযায়ী, ভূমিকম্পের সময় আতঙ্কিত মানুষ ঘরবাড়ি ছেড়ে খোলা স্থানে আশ্রয় নেয়। অনেক স্থাপনায় ফাটল ও ভাঙচুরের ঘটনাও ঘটেছে।

সূত্র: রয়টার্স